



Please write clearly in block capitals.

Centre number

Candidate number

Surname

Forename(s)

Candidate signature

I declare this is my own work.

GCSE BENGALI

H

Higher Tier Paper 3 Reading

Wednesday 10 June 2020

Afternoon

Time allowed: 1 hour

Materials

- You will need no other materials.

Instructions

- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**. In **Section C**, translate the passage into **English**.
- If you need extra space for your answer(s), use the lined pages at the end of this book. Write the question number against your answer(s).
- Do all rough work in this answer book. Cross through any work you do not want to be marked.

Information

- The marks for questions are shown in brackets.
- The maximum mark for this paper is 60.
- You must **not** use a dictionary.

For Examiner's Use	
Question	Mark
1	
2	
3	
4	
5	
6	
7	
8	
9	
10	
11	
12	
TOTAL	



JUN208638RH01

G/TI/Jun20/E5

8638/RH

Section A

Questions and answers in English

0 1

My hometown

Read this extract from Sharatchandra Chatterjee's 'Srikant'.

সেদিন কনকনে শীতের সন্ধ্যা। হঠাৎ ইন্দ্র এসে জলসায় যাওয়ার কথা বলতেই আমি চাদরটা গায়ে জড়িয়ে ইন্দ্রের বাড়িতে ছুটলাম। রেলগাড়িতে যেতে হয়। তবে ইন্দ্র ডিঙিনৌকা ভাড়া করলো কারণ তার নতুনদা কলকাতা থেকে এসেছেন। তিনি নদীপথে যেতে চান।

ডিঙি ঠিক করে বসে আছি। অনেক দেরিতে ইন্দ্রের নতুনদা নদীর ঘাটে পৌঁছলেন। তাঁদের আলোতে কলকাতার বাবুটির চেহারা দেখে ভয় পেলাম।

ইন্দ্রের কাঁধে ভর দিয়ে আর আমার হাত ধরে নতুনদা নৌকায় উঠলেন। খপ করে আমার চাদরটা নিয়ে ওটা পেতে বসলেন আর একটানা ছকুম করতে লাগলেন। কিছুক্ষণ পর বাতাস পড়ে গেলো। ইন্দ্র বললো, 'নৌকা আর চলবে না।' নতুনদা রেগেমেগে বললেন, 'তবে আনলি কেন? যেমন করে হোক আমাকে জলসায় পৌঁছে দিতেই হবে, সেখানে আমি হারমোনিয়াম বাজাবো।'

For each of the sentences below, write **T** (true), **F** (false) or **NM** (not mentioned).

0 1 . 1

The weather that evening was very cold.

[1 mark]

0 1 . 2

Indra asked the author to go to the cinema.

[1 mark]

0 1 . 3

The author walked to the venue with Indra.

[1 mark]

0 1 . 4

A boat was hired because the visitor wanted to travel on the river.

[1 mark]

0 1 . 5

The author was scared to see Indra's visitor.

[1 mark]



0 1 . 6 Indra's visitor was happy to see the boat.

[1 mark]

0 1 . 7 Indra's visitor refused to play the instrument in the concert.

[1 mark]

7

Turn over for the next question

Turn over ►



0 2

A special occasion

Read Shibly's account of a special occasion on a Bengali website.

গতকাল ছিলো আমার ষোলো বছরের জন্মদিন। আমি ও আমার দুই বন্ধু রুমা ও রুহি মিলে গত রাতের জন্য কিছু আয়োজন করলাম। প্রথমে কাছাকাছি কোনো এক রেস্টুরেন্টে মুখরোচক ডিনার, তারপর আমাদের বাড়িতে পার্টি। বাবা-মা স্থির করলেন আমার কাছে চাবি দিয়ে একদিনের জন্য বাইরে যাবেন। রাত আটটা নাগাদ আমরা যে রেস্টুরেন্টে পৌঁছলাম সেটাতে লোকজনের অসম্ভব ভিড় ছিলো। বসার কোনো জায়গা ছিলো না আর রেস্টুরেন্ট ম্যানেজার আমাদের রিজার্ভেশনও হারিয়ে ফেলেছিলো। কাজেই আমরা পাশের রেস্টুরেন্টে গেলাম। তবে সেখানকার খাওয়াদাওয়া মোটেই মজাদার ছিলো না। পেটে খিদে নিয়েই অবশেষে বাড়িতে ফিরে এলাম। পকেটে হাত দিতেই দেখি চাবি নেই। অনেক খোঁজাখুঁজির পর বুঝতে পারলাম চাবি হারিয়েছি।

ভাগ্যক্রমে রুমা ছিলো খুব বেঁটে এবং পাতলা, কাজেই রান্নাঘরের জানালা দিয়ে কোনোমতে তাকে বাড়ির মধ্যে ঠেলে ঢুকানো হলো যাতে সে আমাদের জন্য দরজা খুলে দিতে পারে। যাইহোক, রাত সাড়ে নয়টায় আমাদের অন্যান্য বন্ধু-বান্ধব সবাই এলো। পার্টি শুরু হতেই হঠাৎ দরজায় কে যেন ঘন্টা বাজালো। দরজা খুলতেই দেখলাম দুইজন পুলিশ সামনে দাঁড়িয়ে। একজন প্রতিবেশী রুমাকে রান্নাঘরের জানালা দিয়ে ঘরে ঢুকতে দেখে তাকে চোর ভেবে পুলিশ ডেকেছিলো। ভয়ে আর বিস্ময়ে তখন আমার রীতিমতো কান্না পাচ্ছিলো।

Answer the questions in **English**.

0 2 . 1

What was Shibly's plan for the evening? Mention **one** detail.**[1 mark]**

0 2 . 2

What problems did Shibly and his friends face whilst they were out? Mention **two** details.**[2 marks]**

1 _____

2 _____



0 2 - 3

How did Shibly's friend solve the problem when they returned home?

[1 mark]

0 2 - 4

What did Shibly's neighbour do?

[1 mark]

5**Turn over for the next question****Turn over ►**

0 3

Home and local area

Read these Bengali teenagers' thoughts about their local areas.



Arun

আমাদের এলাকায় অনেক বড়ো-বড়ো সুপারমার্কেট ও নানান ধরনের দোকানপাট থাকায় সব বয়সের লোকজনের কেনাকাটার বিশেষ সুবিধা রয়েছে। এসব দোকানের জিনিসপত্রও তুলনামূলকভাবে সস্তা। জিনিসপত্রের মান এবং সুলভ মূল্যের জন্য এসব দোকানের তুলনা নেই। তবে সমস্যা হলো, প্রায়ই দেখা যায় লোকজন হেঁটে যাওয়ার সময় খাবারের টুকরো, কাগজ ও বোতল রাস্তায় ফেলে। ওদেরকে দেখে মনে হয় না ওরা পরিবেশ সচেতন। তাই খুব দুঃখ লাগে।



Kalam

আমাদের এলাকায় এক প্রাচীন রাজবাড়ি আছে। এর ভেতরে কয়েক বছর আগে একটি জাদুঘরও স্থাপন করা হয়েছে। নানান দেশের অনেক দুর্লভ জিনিস এখানে রাখা হয়েছে যেগুলো দেশী-বিদেশী অনেক ভ্রমণকারীদের আকৃষ্ট করে। বিশেষ করে উৎসবমুখর দিনগুলোতে মনে হয় সারা পৃথিবীর লোকজন যেন আমাদেরই চারপাশে বাস করছে।



Lucy

আমি শহর থেকে একটু দূরে থাকি। সেখানে লোকজন ও যানবাহনের কোলাহল নেই। সকালে পাখির ডাকে আমার ঘুম ভাঙে। সন্ধ্যায় ঘরে ফিরে যখন সবুজ ঘাসের আঙিনায় বসি তখন শান্তিতে আমার মনটা একেবারে ভরে যায়। গরমকালে আমাদের এলাকায় বেশ রোদ থাকলেও নদীর বাতাসের কমতি নেই। এই সময়ে তাই বাইরে বেড়াতে খুব ভালো লাগে। রোজ বিকেলে বন্ধুদের সাথে নদীর ধার দিয়ে দৌড়াই। তারপর সবাই মিলে হেঁচৈ করে বাড়ি ফিরি।

Write the first letter of the correct name in the box.

Write: **A** for Arun
K for Kalam
L for Lucy

0 3 . 1

Who likes the weather in their area?

[1 mark]

0 3 . 2

Who thinks positively about shopping?

[1 mark]



0 3 . 3

Whose area attracts lots of tourists?

[1 mark]

0 3 . 4

Who thinks it is quiet where they live?

[1 mark]

0 3 . 5

Who is concerned about litter?

[1 mark]

5

Turn over for the next question

Turn over ►



0 4

Current issues

You read these opinions on current issues in a Bengali magazine.

বর্তমান সময়ের একটা বড়ো সমস্যা হলো শহরের রাস্তাগুলোতে গ্রামাঞ্চলের তুলনায় অত্যধিক যানবাহন চলাচল। এর ফলে পরিবেশ দূষণ বেড়ে গেছে। তাই জ্বালানির মূল্য বৃদ্ধি করে শহরের রাস্তাগুলোতে বেসরকারি যানবাহন চলাচল কমানো উচিত।

Milan

ল্যান্ডফোনের খরচ যদিও বেশি, এর ব্যবহার সে তুলনায় অনেক কম। অন্যদিকে আকারে ছোটো মোবাইল ফোন ব্যবহারের খরচ যে একদম নেই তাও নয়। তবে সামাজিক যোগাযোগের মাধ্যম হিসেবে এটা ব্যবহার করা যায় বলে মোবাইলের জনপ্রিয়তা ক্রমশ বাড়ছে। তাই লোকজনের কাছে অন্তত একটা করে মোবাইল ফোন থাকে।

Hasna

ব্রিটেনের বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার খরচ এতো বেড়েছে যে যোগ্যতা থাকা সত্ত্বেও অনেক ছেলেমেয়ে বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার সুযোগ হারাচ্ছে। আবার অনেকেই বাধ্য হয়ে স্টুডেন্ট লোন নিয়ে উচ্চশিক্ষা চালিয়ে যাচ্ছে। এর ফলে তাদের কর্মজীবন শুরু হচ্ছে এক বিরাট ঋণের বোঝা মাথায় নিয়ে।

Lamia

ব্রিটেনের বৃদ্ধ-বৃদ্ধাদেরকে বেশিরভাগ পরিবারই পরিত্যাগ করে দায়িত্ব এড়াতে চায়। বাংলাদেশে এখন বেশকিছু বৃদ্ধাশ্রম গড়ে উঠলেও সেখানকার অধিকাংশ পরিবারই বয়স্ক আত্মীয়স্বজনের প্রতি কমবেশি দায়িত্ব পালন করে থাকে।

Rafi

ব্রিটেনের সবচেয়ে গুরুতর এক সমস্যা হলো পুরুষ ও মহিলাদের বেতনের বৈষম্য। কোনো কোনো প্রতিষ্ঠানে মহিলারা একই চাকরীতে পুরুষদের চেয়ে ২০% কম বেতন পায় যা মোটেও ঠিক বা ন্যায়সঙ্গত নয়।

Kumkum

Write the correct letter in each box.

0 4 . 1

Lamia thinks working life for some people begins with...

A	a lack of skills.
B	the burden of a big loan.
C	lots of opportunities.

[1 mark]



0 4 . 2 Rafi thinks older relatives are treated...

A	better in Bangladesh.
B	better in the UK.
C	equally well in both countries.

[1 mark]

0 4 . 3 Kumkum thinks in some British job sectors, men are paid...

A	the same as women.
B	less than women.
C	more than women.

[1 mark]

0 4 . 4 Hasna thinks the popularity of mobile phones is increasing due to...

A	their low cost.
B	social networking.
C	their small size.

[1 mark]

0 4 . 5 Milan thinks the price of petrol should be...

A	reduced.
B	increased.
C	increased in the city only.

[1 mark]

5

Turn over for the next question

Turn over ►



0 5

Homework

You read this magazine article in which some students express their opinions about homework.

অনেক শিক্ষার্থীই হোমওয়ার্ক করাটাকে হয় অপ্রয়োজনীয় বা শিক্ষকের দেওয়া শাস্তি মনে করে। এটা সত্যি নয়। ছাত্রছাত্রীরা লেসনে যা শেখে, প্রযুক্তির মাধ্যমে তার প্রয়োগ ও নানান তথ্য সংগ্রহের জন্যই শিক্ষকরা তাদেরকে হোমওয়ার্ক করতে বলেন।

Keya

অতিরিক্ত হোমওয়ার্ক ছাত্রছাত্রীদের শরীর ও মনের ওপর চাপ সৃষ্টি করে। তারা হতাশ হয় এবং যে পরিমাণ সময় তারা হোমওয়ার্ক করায় ব্যয় করে তাতে লেখাপড়ায় তাদের উৎসাহ চলে যায় এবং শিক্ষকদের প্রতিও তাদের কোনো শ্রদ্ধাবোধ থাকে না।

Mitul

হোমওয়ার্ক ছাত্রছাত্রীদের সুঅভ্যাস গড়ে তোলে এবং লেখাপড়ার প্রতি মনোযোগী হতেও সাহায্য করে। তবে তাদের সুষ্ঠুভাবে গড়ে ওঠার জন্য যথেষ্ট অবসর ও বিশ্রামের প্রয়োজন যা তারা বাইরের খেলাধুলা ও সৃজনশীল কাজ যেমন, ছবি আঁকে বা নাচ-গান করে উপভোগ করতে পারে।

Pushpa

অনেক ছাত্রছাত্রীই বাড়িতে ফিরে সংসারের কাজকর্ম যেমন, বাজার করা ও মাকে রান্নার কাজে সাহায্য করতে ব্যস্ত হয়ে পড়ে। ছোটো ভাইবোনের দেখাশুনা ও তাদের লেখাপড়ায় সাহায্য করে। কাজেই স্কুলের কাজ তারা কখন করবে? সময় কোথায়?

Zami

How would you describe these students' opinions towards homework?

Write: **P** for a positive opinion.

N for a negative opinion.

P+N for both a positive and negative opinion

0 5 . 1

Keya

[1 mark]

0 5 . 2

Mitul

[1 mark]

0 5 . 3

Pushpa

[1 mark]

0 5 . 4

Zami

[1 mark]

4



0 6

Technology

You read this online article about Twitter.

একবিংশ শতকের সবচেয়ে জনপ্রিয় এক বিনামূল্যের সামাজিক নেটওয়ার্ক হচ্ছে টুইটার। এটা যোগাযোগের এক সহজ মাধ্যম বলে এর ব্যবহারকারীরা ছোটোখাটো বার্তাগুলো খুব তাড়াতাড়ি পোস্ট করে ও সেগুলো সবার সাথে শেয়ার করে। অবশ্য এসব বার্তা ২৪০ অক্ষরের মধ্যে সীমাবদ্ধ থাকায় অনেক সময় বিস্তারিত তথ্য আদান প্রদান করা সম্ভব হয়ে ওঠে না। অন্যদিকে টুইটারের সব একাউন্টগুলো নিরাপদ ও এতে গোপনীয়তা রক্ষা করা যায়। তাই এর ব্যবহারকারী সিদ্ধান্ত নিতে পারে তার তথ্য কে জানবে এবং কতোটুকু শেয়ার করবে।

তবে প্রধান অসুবিধা হলো এর অতিরিক্ত ব্যবহারে টুইটারের প্রতি লোকজন আসক্ত হয়ে পড়ে। ঘন্টার পর ঘন্টা যারা এতে মেতে থাকে তাদের বন্ধু-বান্ধব ও আত্মীয়স্বজনের সাথে সামনাসামনি মেলামেশার অবকাশ থাকে না। এতে তাদের সামাজিক জীবন ব্যাহত হয়।

Answer the questions in **English**.

0 6 . 1

According to the text, what is the effect of the limitation of characters on Twitter?

[1 mark]

0 6 . 2

What does the text say about privacy? Give **one** detail.

[1 mark]

0 6 . 3

According to the text, how does excessive use of Twitter affect people? Give **one** detail.

[1 mark]

3

Turn over ►



0 7

Questionnaire

Your Bengali friend Shormi has filled in a questionnaire from a teen magazine. Look at the answers she has ticked.

তুমি কেমন মানুষ?

Example: তুমি কতোটা রিসাইকেল করো?

মোটাই না	
সামান্য	
অনেক	✓

1. তুমি কি চ্যারিটিতে দান করো?

একেবারেই না	
প্রায়ই	✓
মঝেমধ্যে	

2. শিক্ষকদের পড়ানো তোমার কেমন লাগে?

কঠিন	✓
মোটামুটি	
চমৎকার	

3. মোবাইল ফোন খুঁজে না পেলে তুমি কি অস্থির হও?

অবশ্যই	
বেশি না	
কখনো না	✓

4. বাবা-মায়ের সাথে তোমার সম্পর্ক কেমন?

বিরক্তিকর	
বন্ধুত্বপূর্ণ	✓
ভয়ের	



Example: According to the ticked answer, how do you know Shormi is environmentally friendly?

She recycles a lot

0 7 . 1 According to the ticked answer, how do you know Shormi is generous?

[1 mark]

0 7 . 2 According to the ticked answer, how do you know Shormi does **not** like school?

[1 mark]

0 7 . 3 According to the ticked answer, how do you know Shormi is **not** addicted to technology?

[1 mark]

0 7 . 4 According to the ticked answer, how do you know Shormi is close to her parents?

[1 mark]

4

Turn over for the next question

Turn over ►



Section B

Questions and answers in Bengali

0 8

বুদ্ধির পরীক্ষা

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'বিদ্যাসাগর চরিত্রের' অংশবিশেষ তুমি পড়ছো।

বাবার সাথে কলকাতা আসার সময় বড়ো রাস্তায় উঠে একখানা বড়ো পাথর রাস্তার ধারে পৌঁতা দেখতে পেলাম। কৌতূহলী হয়ে বাবাকে জিজ্ঞাসা করাতে তিনি হাসিমুখে বললেন, 'ওটা শুধু পাথর নয়, মাইল স্টোন। এই রাস্তায় এক মাইল অন্তর প্রত্যেক পাথরে নম্বর লেখা আছে।' তিনি একটি পাথরের কাছে গিয়ে বললেন, 'এটির নম্বর উনিশ। এটি দেখলেই বোঝা যায় কলকাতা এখান থেকে উনিশ মাইল।'

নামতায় নম্বর শিখেছিলাম। তাই যেতে যেতে আমি প্রথম থেকে দশম স্টোন পর্যন্ত ইংরেজি নম্বরগুলো চিনে ফেললাম। বাবাকে বলতেই তিনি আমাকে পরীক্ষা করার জন্য নবম, অষ্টম আর সপ্তম স্টোন তিনটি দেখিয়ে নম্বর জিজ্ঞাসা করলেন, আমি সঠিক উত্তর দিলাম। তিনি কৌশলে আমাকে ষষ্ঠ স্টোনের পরিবর্তে পঞ্চম স্টোনটি দেখিয়ে সেটিরও নম্বর জিজ্ঞাসা করলেন। আমি দেখামাত্র বললাম, 'এই স্টোনটি ছয় না হয়ে পাঁচ হবে।'

প্রতিটি বাক্সে ঠিক অক্ষরটি লেখো।

0 8 . 1

লেখক পাথর পৌঁতা দেখলেন...

A	কলকাতায়।
B	রাস্তার মধ্যে।
C	রাস্তার পাশে।

[1 mark]

0 8 . 2

লেখক পাথর পৌঁতার ব্যাপারে জানতে...

A	ভয় পাচ্ছিলেন।
B	আগ্রহ দেখাচ্ছিলেন।
C	চাচ্ছিলেন না।

[1 mark]



0 8 . 3 বাবার দেখানো প্রথম পাথরটি থেকে কলকাতা...

A	১ মাইল দূরে ।
B	৯ মাইল দূরে ।
C	১৯ মাইল দূরে ।

[1 mark]

0 8 . 4 কৌশলে লেখকের বুদ্ধি যাচাই করা হলো...

A	৫ নম্বর পাথর দেখিয়ে ।
B	৬ নম্বর পাথর দেখিয়ে ।
C	১০ নম্বর পাথর দেখিয়ে ।

[1 mark]

4

Turn over for the next question

Turn over ►



0 9

পরিবেশ

পরিবেশ বাঁচানো সম্বন্ধে কয়েকজন ছেলেমেয়ের কথা তুমি বাংলা ব্লগে পড়ছো।

লায়লা: আগে আমি পুরনো কাগজ জোগাড় করতাম। এখন আমি পরিবেশ বাঁচানোর জন্য সাইকেল চালাই। অবশ্য ভবিষ্যতে সোলার প্যানেল ব্যবহার করে আমার বাড়ির গরম রাখবো।

সোহেল: আমি রোজ বিকেলে বাগানের আগাছা পরিষ্কার করি। তবে আমি প্রাইমারী স্কুলে থাকতে স্কুলের পুকুরের পানি থেকে গাছের পাতা ও খাবারের টুকরা পরিষ্কার করে পানি দূষণ কমাতে। আমার লেখাপড়া শেষ হলে ইচ্ছে আছে যে আমি আমার দেশের বিপন্ন পশুপাখিদের জীবন বাঁচাতে সাহায্য করবো।

বাবুল: ছোটবেলা থেকে দেখে এসেছি আমার বাবা-মা দরকার না হলে বাতি বা গ্যাসের অপচয় না করে বিলের খরচ কমাতে। এই বছর পর্যন্ত আমি কিছুই করিনি। এখন আমি শাওয়ার বা হাতমুখ ধোয়ার সময় পানির খরচ কম করার চেষ্টা করি। ভবিষ্যতে হাইব্রিড গাড়ি চালিয়ে বায়ু দূষণ কমাতে।

পরিবেশ সম্বন্ধে চারটি সঠিক কাজকর্ম লিখে নিচের টেবিলটি পূরণ করো।

উদাহরণ:

	আগে	এখন	পরে
লায়লা	পুরনো কাগজ জোগাড় করতো	বাইক চড়ে	সোলার প্যানেল দিয়ে ঘর গরম করবে
সোহেল	পানির দূষণ কমিয়েছে		
বাবুল		পানির খরচ কমায়	

[4 marks]

4



1 0

বাইরে খাওয়াদাওয়া

বাংলাদেশে বেড়াতে গিয়ে বাইরে খাওয়া সম্বন্ধে তুমি কিছু তথ্য একটি পত্রিকায় পড়ছো।

বাংলাদেশের রাজধানী ঢাকায় বাইরের খাবারে লোকজনকে আকৃষ্ট করার জন্য বেশ কয়েকটি রেস্টুরেন্ট খোলা হয়েছে। এগুলোতে ঐতিহ্যপূর্ণ বাঙালি খাবারের সাথে আন্তর্জাতিক মানসম্পন্ন খাবারও পরিবেশন করা হয়। **শাপলা রেস্টুরেন্ট** হলো এমন একটি আদর্শ রেস্টুরেন্ট যেটা কমবয়সী তরুণদের কাছে জনপ্রিয়। তারা ঘুরে বেড়ানোর অবসরে এখানে খেতে আসে এবং বুফে স্টাইলে পরিবেশন করা বিরিয়ানি, ভুনা-খিচুড়ি, মুরগির মাংস ও বিভিন্ন ধরনের কাবাব উপভোগ করে। এদের খাবারগুলোর দামও অপেক্ষাকৃত কম। এটা শহরের ব্যস্ত এলাকায় বলে এখানে বেশ ভিড় হয়, তাই গ্রাহকদের টেবিল পাওয়ার জন্য অনেক সময় দরজার বাইরে অপেক্ষা করতে হয়।

রোল এক্সপ্রেসের বিশেষত্ব হচ্ছে এখানে দেশী-বিদেশী খাবার ছাড়াও বাঙালি মুখরোচক রাস্তার খাবার যেমন, ফুচকা, ডাল পুরি, পিয়াজি, ঝালমুড়ি ইত্যাদি সালাদ ও চাটনির সঙ্গে সব বয়সী লোকজনকে পরিবেশন করা হয়। পাশ্চাত্যের অন্যান্য রেস্টুরেন্টগুলোর মতো এখানেও ভেতর ও বাইরে মনোরম পরিবেশে বসার ব্যবস্থা আছে। নিরামিষ খাবারগুলো বেশ সস্তা, তবে ল্যাম্ব বা মুরগির রোস্টের দাম বেশি হওয়ায় সাধারণ মানুষ সেগুলো খেতে পারে না। এই রেস্টুরেন্টটির শাখা বড়ো বড়ো শপিং মলের সামনে থাকায় কেনাকাটার শেষে লোকজন এসব খাবারের স্বাদ নিতে পারে।

নিচের কোন চারটি তথ্য সঠিক? প্রতিটি বাক্সে ঠিক অক্ষরটি লেখো।

A	ঢাকার রেস্টুরেন্টগুলোতে শুধুমাত্র বাঙালি খাবার পরিবেশন করা হয়।
B	শাপলা রেস্টুরেন্টের খাওয়াদাওয়া অল্পবয়সীরা বেশি উপভোগ করে।
C	শাপলা রেস্টুরেন্টে পরিবেশনকৃত খাবারগুলোর দাম অনেক।
D	শাপলা রেস্টুরেন্টে খাওয়ার জন্য লোকজনকে বাইরে অপেক্ষা করতে হয়।
E	রোল এক্সপ্রেসের পরিবেশিত রাস্তার খাবার বুফে স্টাইলে খেতে হয়।
F	রোল এক্সপ্রেসে বাইরে বসে খাওয়ার পরিবেশ বেশ সুন্দর।
G	রোল এক্সপ্রেসে আমিষ খাবারের দাম সাধারণ লোকজনের সামর্থ্যের বাইরে।
H	রোল এক্সপ্রেস দোকানপাটের ভেতরে থাকায় লোকজন বাজারের পরে সেখানে খেতে যায়।

<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
--------------------------	--------------------------	--------------------------	--------------------------

[4 marks]

4

Turn over ▶



1 1

উচ্চাকাঙ্ক্ষা

একটি তরুণ সাপ্তাহিক ম্যাগাজিনে উচ্চাকাঙ্ক্ষা সম্বন্ধে তুমি কয়েকজন তরুণ-তরুণীর লেখা পড়ছো।

১৫ বছর বয়সে আমি আমার গ্রামের বাড়ি ছেড়ে বড়ো শহর ঢাকায় এসেছি। আমার বাবা-মায়ের আর্থিক সচ্ছলতা ছিলো না বলে আমি একটা হোটেলে কাজ নিলাম এবং একটি নৈশ স্কুলে লেখাপড়া করতে লাগলাম। হোটেলের কর্মচারীরা আমার প্রতি বন্ধুসুলভ এবং লেখাপড়া করার জন্য ওরা আমাকে সবসময় উৎসাহ দেয়। তাদের কাছে আমি দেশী ভাষাগুলোর সঙ্গে কয়েকটা বিদেশী ভাষাও শিখছি। এসব ভাষার দক্ষতা আমাকে ভবিষ্যতে একজন ভ্রমণ গাইড হতে সাহায্য করবে।

অমল, ১৮ বছর

আমার জন্ম এক গ্রামে। তখন থেকেই আমার এক পা অচল। আমার বাবা একজন কৃষক। কিন্তু আমি তাঁর কৃষিকাজে কোনো সাহায্য করতে পারিনি। তবে লেখাপড়ায় ভালো করছি। বিশেষ করে অঙ্ক আর বিজ্ঞানে বয়সের তুলনায় অনেক এগিয়ে আছি। তাই ভবিষ্যতে আমি একজন বিজ্ঞানী হয়ে আমার বাবা-মা এবং শিক্ষকদের খুশি করতে চাই যারা আমাকে লেখাপড়ায় উৎসাহ ও খরচ জুগিয়েছেন।

শবনম, ১৭ বছর

আমার জন্মের পর থেকেই দেখে আসছি যে মা একাই চাকরী করে আমার লালনপালন ও লেখাপড়ার ব্যবস্থা করেছেন। মায়ের কষ্ট আমি বুঝতে পারি। কিন্তু, লেখাপড়ায় যে আমার একদম উৎসাহ নেই! স্কুল পালিয়ে বন্ধুদের সাথে সিনেমা দেখি। এতে শিক্ষকরাও আমার ওপর অখুশি। তাই আমি কাজ পাওয়ার জন্য শিক্ষানবিশি শুরু করেছি কারণ কাজ করে মাকে আমি আর্থিক সাহায্য করতে চাই।

তমাল, ১৭ বছর

কে কী লিখেছে? সঠিক নামটি বেছে নিয়ে **বাংলায়** সেই নামটি বাক্সে লেখো।

1 1 . 1

এদের মধ্যে প্রতিবন্ধী কে?

[1 mark]

1 1 . 2

কে গ্রাম থেকে বড়ো শহরে এসেছে?

[1 mark]

1 1 . 3

কে একক মাতা-পিতার পরিবারে বড়ো হয়েছে?

[1 mark]



1 1 . 4

কার বাবা-মা তাকে আর্থিক সাহায্য করেছেন?

[1 mark]

1 1 . 5

স্কুল নিয়ে কার সমস্যা?

[1 mark]

1 1 . 6

কে একাধিক ভাষা শিখেছে?

[1 mark]

6

Turn over for the next question

Turn over ►



Section CTranslation into **English**

1 2

Your uncle has seen this blog post on the internet and asks you to translate it for him into **English**.

আমরা পরিবারের সাথে ছুটি কাটাতে বাংলাদেশে নানাবাড়ি গিয়েছিলাম। নানা গ্রামে থাকেন। দুপুরে খাওয়ার সময় আমরা মেঝেতে একটা মাদুরে বসেছিলাম। খাবারের থালাগুলো আমাদের চারপাশে রাখা হলো। সবাই ফুটবল খেলা দেখবে বলে টিভিটাও চালানো হলো। আমার ভাইয়ের দল গোল দিতে শুরু করলে সে মাদুরের ওপর লাফাতে লাগলো। ফলে খাবারের থালাগুলো ভেঙ্গে গেলো। বাবা রেগে ভাইকে বললেন, “খাওয়ার সময় আর কখনো টিভি দেখবে না।”

[9 marks]

9

END OF QUESTIONS

There are no questions printed on this page

*Do not write
outside the
box*

**DO NOT WRITE ON THIS PAGE
ANSWER IN THE SPACES PROVIDED**



